



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/সংস্থাপন/আপিল- ৪ ১২/৯

তারিখ: ২৪.১০.২০১৯ খ্রি.

বিষয়: দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলাধীন নাফানগর দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আসগর হোসাইন এর চাকরীতে পুনর্বহাল প্রসঙ্গো।

সূত্র: ১৮/০৭/২০১৮ খ্রি: তারিখের আবেদনের প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলাধীন নাফানগর দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আসগর হোসাইন এর চাকরি থেকে অপসারণ অনুমোদনের বিষয়টি গত ০৬/০৮/২০১৯ খ্রি: তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর সভাকক্ষে অনুষ্ঠিত আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়।

মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত কাগজপত্র বাদী ও বিবাদী উভয়পক্ষের উপস্থিতিতে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনান্তে দেখা যায় সুপার জনাব মো: আসগর হোসাইন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় এবং অপসারণ প্রক্রিয়া যথাযথ না হওয়ায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটি নিম্নবর্ণিত শর্তে জনাব মো: আসগার হোসাইনকে চাকরীতে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করে।

“ভবিষ্যতে সঠিকভাবে দায়িত্ব পালন করার শর্ত উল্লেখ করে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে অশিকারনামা দাখিল করে চাকরীতে যোগদান করতে হবে। অতীতের ভুল-ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করতে হবে এবং পূর্বের সকল মামলা প্রত্যাহার করতে হবে”

বর্ণিত অবস্থায়, আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক:

১) সভাপতি, গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি, নাফানগর দাখিল মাদ্রাসা

ডাকঘর: সুলতানপুর, উপজেলা: বোচাগঞ্জ, জেলা: দিনাজপুর।

২) ভারপ্রাপ্ত সুপার, নাফানগর দাখিল মাদ্রাসা

ডাকঘর: সুলতানপুর, উপজেলা: বোচাগঞ্জ, জেলা: দিনাজপুর।

৩) জনাব মো: আজগর হোসাইন, সুপার (বরখাস্তকৃত), নাফানগর দাখিল মাদ্রাসা

ডাক: পীরগঞ্জ, গ্রাম: মিত্রবাটা, উপজেলা: পীরগঞ্জ, জেলা: ঠাকুরগাঁও।

স্মারক নং- বামাশিবো/সংস্থাপন/আপিল-

তারিখ: ১০.২০১৯ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর;
৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর;
৪. উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মো: ওমর কারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪